

কোমা - মমি

পৃথিবীর সব আলো নিভে গেলে -
ধূসর পান্ডুর চোখ করে আয়োজন
জনান্তিকে কালরাত্রি -
পাতায় পাতায় হিস্ হিস্ শব্দ ।।

তবু মৃত্যু ছেড়ে মরতে চাই না বড় ...
ধ্বংসস্তুপে কোমার মত ।।
পিরামিড কর' আয়োজন -
রক্তলেখা লিখে যাব' আমি
মিঠেপানি নদীটির তীরে ।।

জমাট রক্তের মত
একদিন বেঁচেছিলে যখন
জীবনের ক্লেদাক্তও লাল হয়ে যেত ।।

কোনোদিন আর ঘুম ভাঙবে না জেনে
সেই ক্লেদাক্ত পাললিক মমি
রক্তলেখায়
লিখে যাব আমি ।।

Amitava Bag